দৈনিক
ইত্তেফাক

21 OCT 2016
পৃ: ৭ ৪ ... কলাম ... ২



মধুখালী (ফরিদপুর) : উপজেলার ভেল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীরা স্কুল প্রাঙ্গণে লেখাপড়া করছে -ইত্তেফাক

# ভেল্লাকান্দি বিদ্যালয়ে শিক্ষার্থীরা ক্লাস করছে খোলা আকাশের নীচে

■ মধুখালী (ফরিদপুর) সংবাদদাতা

মধুখালীর ভেল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষার্থীরা ক্লাস করছে খোলা আকাশের নিচে।

মধুখালী উপজেলার ডুমাইন ইউনিয়নের ঢাকা-খুলনা মহাসড়ক সংলগ্ন পশ্চিম দিকে এবং গড়াই নদীর উত্তর ঘেঁষে ভেল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়টি প্রতিষ্ঠিত হয়েছে। প্রাথমিক বিদ্যালয়টি ১৯৬২ সালে স্থাপিত হয়। বর্তমানে স্কুলটিতে প্রায় ১৪০জন শিক্ষার্থী এবং পাঁচজন শিক্ষক রয়েছেন। বিদ্যালয়ের একমাত্র ভবনটিতে ফাটল এবং জরাজির্ণ অবস্থা সৃষ্টি হওয়ায় সেটি ব্যবহারে অনুপযোগি হয়ে পড়েছে। কোমলমতি শিশুদের বিষয়টি চিন্তা করে ইতিমধ্যে উপজেলা শিক্ষা অফিস থেকে ভবনটি পরিত্যাক্ত ঘোষিত হওয়ায় ক্লাস চলছে খোলা আকাশের নিচে।

বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. কামরুল আহসান জানান, গত বছরের ১৩ নভেম্বর অফিসিয়ালি ক্লাস নেয়া বন্ধ করেন। তাছাড়া যে কোন পরিস্থিতিতে ধসে যেতে পারে ভেবে শিক্ষার্থীদের পড়ালেখার চালিয়ে নেয়ার জন্য ভবনে ক্লাস না নিয়ে খোলা আকাশের নিচে হচ্ছে।

মধুখালী উপজেলা শিক্ষা অফিসার মো. আব্দুল মালেক জানান, ভেল্লাকান্দি সরকারি প্রাথমিক বিদ্যালয়টি একটি পুরাতন স্কুল। এ বিদ্যালয়ে ১৯৯৩-৯৪ অর্থবছরে একটি নতুন ভবন নির্মাণ করা হয়। বিভিন্ন সময় প্রাকৃতিক দুর্যোগ ও ভূমিকম্পে গত বছরের ৮ নভেম্বর ভবনে ফাটল এবং খুবই জরাজির্ণ অবস্থা দেখে কোমলমতি শিক্ষার্থীদের কথা বিবেচনা করে সম্প্রতি পরিত্যাক্ত ঘোষণা করে ক্লাস বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়। তারপরও শিক্ষকরা পড়ালেখার চিন্তা করে শিক্ষার্থীদের খোলা আকাসের নিচে ক্লাস নিচ্ছে শুনেছি। তিনি জানান, বিদ্যালয় সংস্কারের বিষয়ে ডিজি ও ডিপিও এবং উপজেলা সমন্বয় কমিটিতে উপস্থাপন করা হয়েছে দ্রুত মেরামতের জন্য।